



ভূমিকম্পে প্রাণহানিতে এনসিপির গভীর শোক



সংগৃহীত ছবি

দেশের বিভিন্ন জেলায় শক্তিশালী ভূমিকম্পে প্রাণহানি ও আহতের ঘটনায় গভীর শোক প্রকাশ করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। শুক্রবার (২১ নভেম্বর) পাঠানো এক বিবৃতিতে দলটির নেতারা নিহতদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানান। বিবৃতিতে বলা হয়, সকাল সাড়ে দশটার দিকে অনুভূত ৫.৭ মাত্রার ভূমিকম্পে রাজধানীসহ বহু স্থানে ব্যাপক ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে। নরসিংদীর মাধবদী এলাকায় উৎপত্তি হওয়া এই কম্পনে এখন পর্যন্ত সাতজনের মৃত্যুর খবর এসেছে। পুরান ঢাকার বংশালে রেলিং ধসে তিন পথচারীর মৃত্যু এবং নারায়ণগঞ্জ ও নরসিংদীতে আরও চারজন নিহত হওয়ার তথ্য উল্লেখ করা হয়।

এনসিপি অভিযোগ করে, অপরিষ্কৃত নগরায়ন ও দুর্বল অবকাঠামোর কারণে বড় ধরনের দুর্ঘটনা সাধারণ মানুষের জীবন ক্রমেই ঝুঁকিপূর্ণ হয়ে উঠছে। অগ্নিকাণ্ড, ভবনধস বা ভূমিকম্প—যে সংকটই তৈরি হোক না কেন, সরকার ও দায়িত্বশীল সংস্থাগুলো কার্যকর ও দীর্ঘমেয়াদি উদ্যোগ গ্রহণে ব্যর্থ বলে দলটির দাবি।

দলটি আরও জানায়, ভূমিকম্পের কারণ, ক্ষয়ক্ষতির পরিমাণ ও ভবিষ্যৎ ঝুঁকি চিহ্নিত করে দ্রুত টেকসই ব্যবস্থা নিতে হবে। একই সঙ্গে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর প্রতি সরকারি-বেসরকারি সবার পক্ষ থেকে পর্যাপ্ত আর্থিক সহায়তা ও প্রয়োজনীয় সহযোগিতা নিশ্চিত করার আহ্বান জানায় এনসিপি।